

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ৪৮৭৭

আগরতলা, ১৬ ফেব্রুয়ারি, ২০২৪

স্বচ্ছ ভারত মিশন-গ্রামীণ

পশ্চিম ত্রিপুরা জেলায় ৭০৬টি শৌচালয় নির্মাণ

পশ্চিম ত্রিপুরা জেলার বিভিন্ন ইউনিটে চলতি অর্থবছরে স্বচ্ছ ভারত মিশন-গ্রামীণ ৭০৬টি পরিবারকে শৌচালয় নির্মাণ করে দেওয়া হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ৮৪ লক্ষ ৭২ হাজার টাকা। এই পরিবারগুলির মধ্যে বামুটিয়া ইউনিটে ৬৪টি, বেলবাড়ি ইউনিটে ২৪টি, ডুকলি ইউনিটে ২২৩টি, হেজামারা ইউনিটে ৬২টি, জিরানীয়া ইউনিটে ৫২টি, লেফুঙ্গা ইউনিটে ৩৫টি, মান্দাই ইউনিটে ৫২টি, মোহনপুর ইউনিটে ৭৫টি এবং পুরাতন আগরতলা ইউনিটে ১১৯টি পরিবারকে শৌচালয় নির্মাণ দেওয়া হয়েছে। অন্যদিকে ডুকলি ইউনিটে ১টি, হেজামারা ইউনিটে ১টি ও জিরানীয়া ইউনিটে ১টি সামাজিক শৌচালয় নির্মাণ করা হচ্ছে। ইতিমধ্যে ডুকলি ইউনিটের শৌচালয় নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসনের স্বচ্ছ ভারত মিশন বিভাগ থেকে এই সংবাদ জানানো হয়েছে।
